



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী সরকারি সিটি কলেজ
ওয়েব: www.rgcc.ac.bd,



ই-মেইল: prin2388@yahoo.com, EIIN : 126489

ফোন: ০৭২১৭৭২৩৮৮, ফ্যাক্স : ০৭২১৮১২৬৩২

তারিখ: ১৭/০২/২০২২খ্রি.

২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে চূড়ান্ত ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, রাজশাহী সরকারি সিটি কলেজে একাদশ শ্রেণিতে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী কলেজের নিজস্ব ওয়েবসাইটে (www.rgcc.ac.bd) প্রবেশ করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়সূচির মধ্যে ভর্তি হতে ব্যর্থ হলে ভর্তি নীতিমালা অনুসারে শিক্ষার্থীর মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। এছাড়া শিক্ষার্থী প্রকৃত তথ্য গোপন, অসত্য তথ্য প্রদান কিংবা অসঙ্গতিপূর্ণ তথ্য প্রদান করলে তার মনোনয়ন বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

বি.দ্রঃ কোটায় মনোনয়ন প্রাপ্ত শিক্ষার্থীকে এই বিজ্ঞপ্তির পরবর্তী অংশের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র ভর্তি কমিটির নিকট প্রদর্শন পূর্বক পাসওয়ার্ড সংগ্রহ করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

ভর্তি প্রক্রিয়াঃ

নির্বাচিত শিক্ষার্থীরা রাজশাহী সরকারি সিটি কলেজের ওয়েবসাইটে (www.rgcc.ac.bd) প্রবেশ করে নির্ধারিত ফরম পূরণ করলে একটি Reference ID পাবে। প্রাপ্ত Reference ID ব্যবহার করে নিম্নবর্ণিত পদ্ধতিতে ভর্তির জন্য নির্ধারিত ফি ডাচ-বাংলা (DBBL) মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আগামী ১৯/০২/২০২২ (শনিবার) থেকে ২৪/০২/২০২২ (বৃহস্পতিবার) তারিখের মধ্যে জমা দিতে হবে। ডাচ-বাংলা (DBBL) মোবাইল ব্যাংকিং (রকেট) এর মাধ্যমে ভর্তি ফি জমা দানের সাথে সাথে স্বয়ংক্রিয়ভাবে ক্লাস রোল নির্ধারিত হবে। ডাচ-বাংলা (DBBL) মোবাইল ব্যাংকিং (রকেট) এর মাধ্যমে ফি জমাদানের পদ্ধতি (এ পদ্ধতির জন্য DBBL এর একাউন্ট হোল্ডার হতে হবে):

ক. মোবাইল থেকে *322# ডায়াল করে মেনুতে যেতে হবে।

খ. '1' (One) সিলেক্ট করতে হবে।

গ. রাজশাহী সরকারি সিটি কলেজের Biller ID '2363' টাইপ করতে হবে।

ঘ. Bill No. এর ঘরে এসএসসি'র রোল টাইপ করতে হবে।

ঙ. নির্ধারিত টাকার পরিমাণ লিখতে হবে বিজ্ঞান শাখা- (২,৯৭৯ + ৩৫) = ৩০১৪/-
আইসিটি সার্ভিস চার্জ সহ এবং

মানবিক শাখা ও ব্যবসায় শিক্ষা শাখা- (২,৮২৯ + ৩৫) = ২,৮৬৪/- আইসিটি সার্ভিস
চার্জ সহ।

চ. একাউন্ট হোল্ডারের চার সংখ্যার পিন টাইপ করতে হবে।

ছ. OK অথবা Send বাটন ক্লিক করলে একটি Trx. ID পাওয়া যাবে।

এই Trx. ID ব্যবহার করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

ভর্তির সময় প্রয়োজনীয় কাগজপত্র জমাদানের তালিকাঃ

সাধারণ মেধায় ভর্তিকৃত শিক্ষার্থীদের নিম্নোক্ত কাগজপত্র শিক্ষামন্ত্রণালয় ও শিক্ষাবোর্ডের নির্দেশনা মোতাবেক ক্লাস শুরুর নির্ধারিত তারিখে কলেজের ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে।

ক. এসএসসি'র মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র

খ. এসএসসি'র প্রশংসাপত্র,

গ. কোটায় ভর্তির ক্ষেত্রে বিজ্ঞপ্তিতে উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত কপি।

ঘ. ভর্তি ফরম ও টাকা জমার রশিদ

২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে মুক্তিযোদ্ধা (FQ) কোটায় সুযোগপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তির বিজ্ঞপ্তি

রাজশাহী সরকারি সিটি কলেজের ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা) মুক্তিযোদ্ধা (FQ) কোটায় সুযোগপ্রাপ্ত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের ভর্তির যাবতীয় কার্যক্রম আগামী ২০/০২/২০২২ তারিখ থেকে ২৪/০২/২০২২ তারিখ সকাল ১১.০০ থেকে দুপুর ২.০০ পর্যন্ত চলবে। ভর্তিচ্ছু শিক্ষার্থীদেরকে স্বাস্থ্য বিধি মেনে নিম্নবর্ণিত কাগজপত্র সঙ্গে নিয়ে শিক্ষক মিলনায়তন কক্ষে উপস্থিত হওয়ার জন্য নির্দেশ দেওয়া যাচ্ছে।

মুক্তিযোদ্ধা (FQ) কোটায় ভর্তির ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র

১. শিক্ষার্থীর এসএসসি'র অনলাইন একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র
২. শিক্ষার্থীর এসএসসি'র প্রশংসাপত্র;
৩. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সাময়িক সনদপত্র (মূল কপি ও ফটোকপি);
৪. জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধার সাথে শিক্ষার্থীর সম্পর্ক সম্পর্কিত প্রত্যয়নপত্র (মূল ও ফটোকপি);
৫. মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি;
৬. শিক্ষার্থীর দাদা মুক্তিযোদ্ধা হলে পিতার অথবা নানা মুক্তিযোদ্ধা হলে মাতার NID এর ফটোকপি;

অধ্যক্ষ

রাজশাহী সরকারি সিটি কলেজ